ভোরের কাগজ

২৭৪
SEP 27 1999
পৃষ্ঠা ১৩ কলাম ২

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে শিবির-ছাত্রলীগ বন্দুকযুদ্ধ, আহত ১০

কুষ্টিয়া প্রতিনিধি : ইসলামী বিশ্ববিদ্যালয়ে গতকাল রোববার ছাত্রলীগ-ছাত্রশিবিরের কর্মীদের মধ্যে বন্দুকযুদ্ধে ১০ জন আহত হয়েছে। এ নিয়ে ক্যাম্পাসে চরম উত্তেজনা চলছে। প্রক্টোরিয়াল বডি ক্যাম্পাসে রাজনৈতিক তৎপরতার ওপর আরোপিত নিষেধাজ্ঞা অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

জানা যায়, ১৯৯৬ সালের ২৬ সেপ্টেম্বর ইবিতে ছাত্রলীগের সঙ্গে সংঘর্ষে নিহত শিবির ক্যাডার আমিনের মৃত্যু দিবস উপলক্ষে ছাত্রশিবির গতকাল ক্যাম্পাসে মিছিল-সমাবেশের আয়োজন করে। শিবিরের মিছিল থেকে ছাত্রলীগ ও বর্তমান সরকারের বিরুদ্ধে আপত্তিকর শ্লোগান দেওয়া হলে ছাত্রলীগ ক্যাম্পাসে মিছিল বের করে। বেলা সাড়ে ১২টার দিকে উভয়দলের দুটি মিছিল মেইন গেটের কাছে কাছাকাছি হলে উভয় মিছিল থেকে গুলি ছোড়া হয় এবং ককটেল বিস্ফোরণ করা হয়। এ সময় শতাধিক রাউন্ড গুলিবিনিময় হয়। এ সংঘর্ষের সময় ছাত্রলীগের গিয়াস, খোকন, মোস্তফা, শিবিরের বহিরাগত কর্মী নাসির, একজন দোকানদারসহ ১০ জন আহত হয়। এর মধ্যে কয়েকজন গুলিবিদ্ধও হয়। আরেক সূত্রে জানা যায়, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিবিরের ক্যাডার নাসিরকে মেইন গেটে ছাত্রলীগ কর্মীরা প্রহারের পর এ উত্তেজনা শুরু হয়।